# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অন্যান্য কিছু বানোয়াট হাদীস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. নবজাতকের বাম কানে ইকামত দেওয়া

নবজাতকের কানে আযান দেওয়া সুন্নাত। আবু রাফি (রা) বলেন:

رَأَيْتُ رَسُولَ اللَّهِ ﷺ أَذَّنَ فِي أُذُنِ الْحَسَنِ بْنِ عَلِيٍّ حِينَ وَلَدَتْهُ فَاطِمَةُ بِالصَّلاَةِ

“আমি দেখলাম, ফাতেমা (রা) যখন হাসানকে জন্ম দিলেন তখন রাসূলুল্লাহ ﷺ হাসানের কানে নামাযের আযানের মত আযান দিলেন।”[1]

তবে বাম কানে একামত দেওয়ার বর্ণনাটি জাল পর্যায়ের। হাদীসটি নিম্নরূপ:

مَنْ وُلِدَ لَهُ وَلَدٌ فَأَذَّنَ فِي أُذُنِهِ الْيُمْنَى وَأَقَامَ فِي أُذُنِهِ الْيُسْرَى لَمْ تَضُرَّهُ أُمُّ الصِّبْيَانِ

“যদি কারো সন্তান জন্মগ্রহণ করে এবং সে তার ডান কানে আযান এবং বাম কানে ইকামত দেয় তবে ‘উম্মুস সিবইয়ান’ (জিন) তার ক্ষতি করবে না।”

হাদীসটি আবূ ইয়ালা মাউসিলী, ইবনুস সুন্নী প্রমুখ মুহাদ্দিস ইয়াহইয়া ইবনুল আলা রাযী থেকে মারওয়ান ইবন সালিম থেকে তালহা ইবন উবাইদুল্লাহ উকাইলী থেকে ইমাম হুসাইন ইবন আলী (রা) থেকে রাসূলুল্লাহ থেকে হাদীসটি সংকলন করেছেন। আর ইয়াহইয়া ইবনুল আলা এবং তার উসতাদ মারওয়ান ইবন সালিম উভয়ই জালিয়াত ছিলেন।[2]

## ফুটনোট

[1] তিরমিযী, আস-সুনান ৪/৯৭; আবূ দাউদ, আস-সুনান ৪/৩২৮; হাকিম, আল-মুসতাদরাক ৩/১৯৭। তিরমিযী হাদীসটিকে সহীহ বলেছেন ও আলবানী হাসান বলেছেন।

[2] আবূ ইয়ালা, আল-মুসনাদ ১২/১৫০; ইবনুস সুন্নী, আমালুল ইয়াওম (শামিলা ৩.৫) ৩/১৯৮; বাইহাকী, শুআবুল ঈমান ৬/৩৯০; ইবন আদী, কামিল ৭/২৬৫৬; যাহাবী, মীযানুল ইতিদাল ৪/৩৯৭; হাইসামী, মাজমাউয যাওয়াইদ ৪/৫৯; আলবানী, যায়ীফাহ ১/৪৯১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5051

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন